# সাপাহার উপজেলা পরিষদের মার্চ/২০২১ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি : জনাব মোঃ শাহ্জাহান হোসেন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাপাহার, নওগাঁ।
তারিখ : ২৫/০৩/২০২১ খ্রিঃ
সময় : বেলা- ১১.০০ টা
স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

৫ম উপজেলা পরিষদের মাসিক সভায় সভাপতি জুম ভিডিও কনফারেন্সে সংযুক্ত সকল সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন প্রকার সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়িকরণ করা হয়। অতঃপর আলোচ্যসূচীভূক্ত আলোচ্য বিষয়াবলী ধারাবাহিকভাবে উপস্হাপনের জন্য উপজেলা নির্বাহী অফিসার, সাপাহারকে সভায় অনুরোধ জানানো হয়। পরবর্তীতে একে একে বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় যা নিম্নরুপঃ

**বিভাগীয় আলোচনা**

০১। স্বাস্থ্য বিভাগ:

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, সাপাহার, নওগাঁ সভায় জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক। তিনি জানান দেশে ২য় পর্যায়ে করোনা ভাইরাসের প্রাদুর্ভাব বৃদ্ধি হতে শুরু করেছে। কাজেই করোনা ভাইরাস থেকে মুক্ত থাকার একমাত্র উপায় মাস্ক ব্যবহার এবং স্বাস্হ্য বিধি মেনে চলা কাজেই স্বাস্হ্য বিধি মেনে চলার বিষয়ে ব্যাপক প্রচারনা অব্যাহত রাখতে হবে এবং বাড়ির বাইরে গেলে সবাইকে মাস্ক ব্যবহার করতে হবে। ভ্যাকসিন দেয়ার জন্য জনগনের সচেতনতা বৃদ্ধি করতে হবে।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ অপরিবর্তিত রাখার সিদ্ধান্ত গৃহিত হয় :

| সিদ্ধান্ত/সুপারিশ | ব্যবস্থাপনায় |
|---|---|
| ১:১। ২য় পর্যায়ে করোনা ভাইরাস প্রতিরোধে মাস্ক ব্যবহারের বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি জোরদার করতে হবে। | ১। চেয়ারম্যান, ............(সকল) ইউপি, সাপাহার<br>২। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, সাপাহার<br>৩। পুরোহিত/ফাদার, .................মন্দির/গীর্জা, সাপাহার |
| ১:২। করোনা ভাইরাস প্রতিরোধের লক্ষ্যে স্বাস্হ্য বিধি মেনে চলতে হবে। যেমন-সাবান দিয়ে ঘন ঘন হাত পরিস্কার করতে হবে, ঘন ঘন হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করতে হবে এবং সামাজিক দূরত্ব বজায় রেখে চলতে হবে। এ বিষয়গুলো জনগণকে অবহিত করতে হবে। | ১। চেয়ারম্যান, ............(সকল) ইউপি, সাপাহার<br>২। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, সাপাহার<br>৩। পুরোহিত/ফাদার, .................মন্দির/গীর্জা, সাপাহার |

০২। পুলিশ বিভাগ:

আইন-শৃঙ্খলা বিষয়ে আলোচনাকালে অফিসার ইন চার্জ, সাপাহার থানা তিনি উপজেলার আইন শৃঙ্খলা পরিস্হিতি সম্পর্কে তার সংক্ষিপ্ত বক্তব্য সভায় উপস্হাপন করেন। তিনি জানান এ উপজেলার সার্বিক আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। সাপাহার উপজেলায় জঙ্গীবাদ/সন্ত্রাসবাদদের কুফল সম্পর্কে জনগণকে নিয়মিতভাবে অবহিত করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।

সভায় চেয়ারম্যান, সাপাহার ইউপি বলেন যে, সাপাহার বাজার পরিস্কারের জন্য রাস্তার উপর অবৈধ দোকান উচ্ছেদ করা প্রয়োজন। এ বিষয়ে সভাপতি বলেন প্রথমে ইউনিয়ন পরিষদ হতে তাদের নোটিশ দিতে হবে। পরবর্তীতে সড়ক ও জনপদ বিভাগকে অবহিত করা হবে। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

| সিদ্ধান্ত/সুপারিশ | ব্যবস্থাপনায় |
|---|---|
| ০২:১। সাপাহার উপজেলায় মাদক দ্রব্যের ব্যবহার রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ১। অফিসার ইনচার্জ, সাপাহার থানা |
| ০২:২। মাদক দ্রব্য নিয়ন্ত্রণে নিয়মিত ভ্রাম্যমান আদালত পরিচালনা করবেন। | ১। সহকারী কমিশনার (ভূমি), সাপাহার।<br>২। অফিসার ইন চার্জ, সাপাহার থানা। |

০৩। কৃষি বিভাগ :

উপজেলা কৃষি অফিসার, সাপাহার এর প্রতিনিধি জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে সারের মজুদ পর্যাপ্ত রয়েছে। আপাততঃ কোন সমস্যা নেই। সভায় তিনি আরো বলেন বর্তমান করোনা পরিস্হিতিতে লেবু জাতীয় ফসলের উৎপাদন বাড়াতে হবে।

০৪। প্রকৌশল বিভাগ:

সভায় উপজেলা প্রকৌশলী, সাপাহার জানান তাঁর বিভাগের কার্যক্রম সঠিকভাবে চলছে। তাঁর বিভাগ সম্পর্কে আলোচনাকালে তিনি জানান উপজেলা প্রশাসনিক ভবনের চলমান নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করার জন্য ঠিকাদারকে নির্দেশনা দেয়া হয়েছে এছাড়া অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। চলতি ২০২০-২০২১ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিল(এডিপি) খাতে ১ম, ২য় ও কিস্তির প্রকল্পের দরপত্র আহবান কার্যক্রম চলমান।

সভায় তিনি আরো জানান সভাপতির নির্দেশনা মোতাবেক উপজেলা উন্নয়ন তহবিলের অর্থায়নে চলতি ২০২০-২০২১ অর্থ বছরে নিম্নোক্ত ৪টি প্রকল্পের প্রাক্কলন দাখিল করা হয়। প্রাক্কলন ৪টি সভায় যাচাই বাছাই অন্তে অনুমোদন করা হয়।

২০২০-২১ অর্থ বছরের উপজেলা উন্নয়ন তহবিলের প্রকল্প তালিকা ঃ

| ক্রমিক নং | প্রকল্পের নাম | পি.আই.সি (টাকার পরিমান) | কাজের প্রক্রিয়া |
|---|---|---|---|
| ১ | সাপাহার উপজেলার মিরাপাড়া মসজিদ যেতে রাস্তা ও আরসিসি ব্রীজ নির্মাণ | ২,৯৬,৬৯৭/- | টেন্ডার |
| ২ | ধবলডাঙ্গা মেইন রোড হতে মাদ্রাসা পর্যন্ত রাস্তা সিসিকরণ | ১,৯৪,৮৪৭/- | ঐ |
| ৩ | ভাগপারুল হতে হোসেনডাঙ্গা পর্যন্ত অসমাপ্ত রাস্তা সোলিংকরণ | ৫,৬৩,৩২০/- | ঐ |
| ৪ | তিলনা শিশা মেইন রোড হতে বাজারপাড়া রাস্তা সোলিংকরণ | ৪,৬৬,৬৫০/- | আরএফকিউ |

০৫। প্রাণি সম্পদ বিভাগ:

উপজেলা প্রাণি সম্পদ অফিসার, সাপাহার জানান তার বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে আপাততঃ বিভাগীয় কোন সমস্যা নেই। তার বিভাগের নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ অপরিবর্তিত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।

| সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়নে |
|---|---|
| ৫:১। নিয়মিত উঠান বৈঠকের মাধ্যমে জনসাধারণকে গবাদী পশুর বিভিন্ন রোগবালাই সম্পর্কে এবং এ থেকে পরিত্রাণের বিষয়ে সম্যক ধারণা দিতে হবে। | ১। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, সাপাহার। |

০৬। সমাজ সেবা বিভাগ:

উপজেলা সমাজ সেবা অফিসার, সাপাহার সভায় জানান তাঁর বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে আপাততঃ বিভাগীয় কোন সমস্যা নেই।

০৭। মৎস্য বিভাগ :

উপজেলা মৎস্য কর্মকর্তা, সাপাহার সভায় জানান তাঁর বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে আপাততঃ বিভাগীয় কোন সমস্যা নেই।

০৮। প্রকল্প বাস্তবায়ন দপ্তর :

উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস সম্পর্কে আলোচনাকালে জানা যায় তাঁর বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে আপাততঃ বিভাগীয় কোন সমস্যা নেই।

৯। খাদ্য বিভাগ :

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সাপাহার সভায় জানান তাঁর বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে আপাততঃ বিভাগীয় কোন সমস্যা নেই।

১০। জনস্বাস্থ্য বিভাগ:

উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান তাঁর বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে আপাততঃ বিভাগীয় কোন সমস্যা নেই।

১১। শিক্ষা বিভাগ (মাধ্যমিক) :

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাপাহার সভায় জানান তাঁর বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে আপাততঃ বিভাগীয় কোন সমস্যা নেই।

বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত হয়।

| সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়নে |
|---|---|
| ১১:১। সরকারি সিদ্ধান্ত না পাওয়া পর্যন্ত শিক্ষার্থীদের বাড়িতেই অবস্হান করার পরামর্শ দিতে হবে। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাপাহার, নওগাঁ। |

| | |
|---|---|
| | ২। একাডেমিক সুপারভাইজার, সাপাহার। |
| ১১:২। শিক্ষা প্রতিষ্ঠান সমূহে অনলাইন ক্লাশের ব্যবস্হা গ্রহণ করার জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের পরামর্শ দিতে হবে। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,সাপাহার, নওগাঁ।<br>২। একাডেমিক সুপারভাইজার, সাপাহার। |

১২। মহিলা বিষয়ক :

উপজেলা মহিলা বিষয়ক অফিসার, সাপাহার সভায় জানান তাঁর বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে আপাততঃ বিভাগীয় কোন সমস্যা নেই।

১৩। সমবায় বিভাগ:

উপজেলা সমবায় অফিসার, সভায় জানান তাঁর বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে আপাততঃ বিভাগীয় কোন সমস্যা নেই।

১৪। পরিসংখ্যান বিভাগ:

উপজেলা পরিসংখ্যান অফিসার এর প্রতিনিধি সভায় উপস্হিত না থাকায় তার বিভাগ সম্পর্কে জানা গেল না।

১৫। পল্লী উন্নয়ন :

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সাপাহার সভায় তিনি তার বিভাগের কার্যক্রম সম্পর্কে সংক্ষিপ্ত বক্তব্য উপস্হাপন করে জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাততঃ কোন বিভাগীয় সমস্যা নেই।

১৬। পল্লী জীবিকায়ন প্রকল্প (বিআরডিবি) :

প্রকল্প অফিসার (পল্লী জীবিকায়ন), সাপাহার এর প্রতিনিধি সভায় জানান হতদরিদ্র মানুষের জীবন জীবিকার মান উন্নয়নের লক্ষ্যে ক্ষুদ্র ব্যবসা ও গাভী পালনের জন্য ঋণ বিতরণ কার্যক্রম চলমান। তাঁর বিভাগের অন্যান্য কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে আপাততঃ বিভাগীয় কোন সমস্যা নেই। বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত হয়।

| সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়নে |
|---|---|
| ১৬:১। নীতিমালা মোতাবেক ঋণদান এবং আদায় কার্যক্রম পরিচালনা করার জন্য বলা হলো। | ১। প্রকল্প অফিসার (পল্লী জীবিকায়ন), সাপাহার, নওগাঁ। |

১৭। পরিবার পরিকল্পনা বিভাগ:

উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান তার বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে।

১৮। আনসার ও ভিডিপি বিভাগ:

উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সাপাহার সভায় জানান তাঁর বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে আপাততঃ বিভাগীয় কোন সমস্যা নেই।

বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

| সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়নে |
|---|---|
| ১৮:১। আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে। মাদক বাল্যবিবাহ ও নারী নির্যাতন প্রতিরোধের অগ্রণী ভূমিকা পালন করতে হবে। | ১। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সাপাহার। |
| ১৮:২। আনসার ও ভিডিপি এর সদস্যদের প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সাপাহার। |

১৯। যুব উন্নয়ন :

উপজেলা যুব উন্নয়ন অফিসার, সাপাহার সভায় জানান তাঁর বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে আপাততঃ বিভাগীয় কোন সমস্যা নেই।

সভায় বিশদ আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত হয়।

| সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়নে |
|---|---|
| ১৯:১। নীতিমালা মোতাবেক ঋণ বিতরণ এবং আদায় কার্যক্রম পরিচালনা অব্যাহত থাকবে। | ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সাপাহার। |

| | |
|---|---|
| ১৯:২। মানসম্পন্ন প্রশিক্ষণ কর্মসূচী অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সাপাহার। |

২০। বি এম ডি এ :

সভায় সহকারী প্রকৌশলী,বিএমডিএ, সাপাহার জোন জানান, তাঁর দপ্তরের কাজ সঠিক ভাবে চলছে এবং সুষ্ঠভাবে সেচ কার্যক্রম অব্যহত রয়েছে। তিনি জানান অত্র উপজেলায় ভূ-গর্ভস্থ পানির সংকট নিরসনের জন্য কিছু পুকুর, দীঘি খননের কার্যক্রম হাতে নেওয়া হয়েছে এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ এ কাজে সহযোগিতা করেন। তিনি আরোও জানান গত ২৫/০২/২১ ইং তারিখে উপজেলা সেচ কমিটি ২৫ টি (STW) অনুমোদন দিয়েছে। সীমান্ত এলাকায় ডিজেল পাচার রোধে ডিজেল চালিত (STW) গুলিকে বিদ্যুতায়িত করার জন্য অনুমোদিত হয়। অত্র সভার মাধ্যমে চুড়ান্ত অনুমোদনের জন্য তিনি বিষয়টি উপস্থাপন করেন এবং বর্ণিত বিষয়টি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

২১। সরকারী কলেজ :

অধ্যক্ষ, সাপাহার সরকারী ডিগ্রী কলেজ, সাপাহার এর প্রতিনিধি জানান তাঁর বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে আপাততঃ বিভাগীয় কোন সমস্যা নেই।

২২। নির্বাচন অফিস :

উপজেলা নির্বাচন অফিসার, সাপাহার সভায় জানান যে তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাততঃ বিভাগীয় সমস্যা নেই।

২৩। শিক্ষা বিভাগ (প্রাথমিক) :

উপজেলা শিক্ষা অফিসার, সাপাহার সভায় জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। শিক্ষার মান বৃদ্ধির জন্য নিয়মিতভাবে প্রাথমিক বিদ্যালয়গুলো পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে। তাছাড়া নিম্নরুপ সর্বসম্মত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

| সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়নে |
|---|---|
| ২৩:১। সরকারি সিদ্ধান্ত না পাওয়া পর্যন্ত শিক্ষার্থীদের বাড়িতেই অবস্হান করার পরামর্শ দিতে হবে। | ১। উপজেলা শিক্ষা অফিসার, সাপাহার, নওগাঁ। |
| ২৩:২। শিক্ষা প্রতিষ্ঠান সমূহে অনলাইন ক্লাশের ব্যবস্হা গ্রহণ করার জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের পরামর্শ দিতে হবে। | ১। উপজেলা শিক্ষা অফিসার, সাপাহার, নওগাঁ। |

২৪। শিক্ষা প্রকৌশল বিভাগঃ

উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সাপাহার সভায় জানান তাঁর বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে আপাততঃ বিভাগীয় কোন সমস্যা নেই।

২৫। বন বিভাগঃ

বিট অফিসার, সাপহার বন বিভাগ সভায় জানান তাঁর বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে আপাততঃ বিভাগীয় কোন সমস্যা নেই।

২৬। পল্লী বিদ্যুৎ সমিতি :

ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি-২, সাপাহার, নওগাঁ এর প্রতিনিধি সভায় জানান তাঁর বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে আপাততঃ বিভাগীয় কোন সমস্যা নেই।

২৭। বিবিধঃ

ক) সভায় সভাপতি বলেন পদলপাড়া গোটপাড়া উচ্চ বিদ্যালয়ের পুকুরে প্যালাসাইট নির্মাণ, বাসুলডাঙ্গা গ্রামের মধ্যে রাস্তা ইট সোলিংকরণ, পশ্চিম কলমুডাঙ্গা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাচীরের প্লাস্টারকরণ, ফুটকইল চিরাকুটি পুকুরে রাস্তার সাইটে প্যালাসাইট নির্মাণ করা বিষেশ প্রয়োজন। আগামী সভায় প্রাক্কলন দাখিল করার জন্য উপজেলা প্রকৌশলী, সাপাহারকে অনুরোধ করা হলো।

খ) সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, তাঁর অফিসে টয়লেট এর ব্যবস্হা নেই। কাজেই তার অফিসের জন্য একটি টয়লেট নির্মাণ করা জরুরী প্রয়োজন। সভায় এ বিষয়ে আলোচনান্তে আগামী সভায় একটি প্রাক্কলন দাখিল করার জন্য উপজেলা প্রকৌশলী, সাপাহারকে অনুরোধ করা হলো।

গ) সভায় সভাপতি জানান যে, চৌধুরী চাঁন মোহাম্মদ মহিলা ডিগ্রী কলেজের অসমাপ্ত গেট(ওয়ালট মোড়ে) এর কাজ সমাপ্ত করার লক্ষ্যে টাইলস সংযোজন পূর্বক কাজটি সম্পন্ন করা বিশেষ প্রয়োজন। এ বিষয়ে আলোচনান্তে আগামী সভায় একটি প্রাক্কলন দাখিল করার জন্য উপজেলা প্রকৌশলী, সাপাহারকে অনুরোধ করা হলো।

ঘ) স্হানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্হানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ২৯/৩/২০২১খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.৪৮৭.২০১২(অংশ-১)-২৭২নং স্মারক পত্র মোতাবেক উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের জন্য =১৫,০০,০০০/-(পনের লক্ষ) টাকা পাওয়া গেছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে অনুমোদিত প্ল্যান অনুযায়ী উপজেলা পরিষদের অভ্যন্তরে আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং বিধি মোতাবেক বর্ণিত কাজ বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলী, সাপাহারকে অনুরোধ জানানো হয়।

৬) উপজেলা পরিষদ চত্বরে পানির সমস্যার কারণে ৩ পর্যায়ে একটি সাব মার্সিবল পাম্পের বিশেষ প্রয়োজন। এ বিষয়ে সভায় আলোচনান্তে উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সাপাহার =১,৫০,০০০/-টাকার একটি প্রাক্কলন দাখিল করেছেন। বর্ণিত প্রাক্কলনটি সভায় যাচাই বাছাই অন্তে অনুমোদন করা হয় এবং উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে নিম্নবর্ণিত প্রকল্প কমিটির মাধ্যমে কাজটি বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।

কমিটি ঃ

১। উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ, সাপাহার-আহবায়ক

২। উপজেলা শিক্ষা অফিসার, সাপাহার- সদস্য

৩। উপজেলা নির্বাচন অফিসার, সাপাহার- সদস্য

৪। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, সাপাহার- সদস্য

৫। মোঃ সবুজ, উপ সহকারী প্রকৌশলী, এলজিইডি, সাপাহার-সদস্য সচিব

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫/৩/২০২১

(মোঃ শাহ্জাহান হোসেন)
চেয়ারম্যান উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
সাপাহার, নওগাঁ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সাপাহার, নওগাঁ।

স্মারক নং-০৫.৪৩.৬৪৮৬.০০০.০১.০০৫.২১- তারিখ : ২৫/০৩/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে :

১। মাননীয় মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয় ও সংসদ সদস্য, ৪৬ নওগাঁ-১।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। জেলা প্রশাসক, নওগাঁ।
৫। উপজেলা.........................................অফিসার, সাপাহার, নওগাঁ।
৬। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, সাপাহার-তাঁকে বর্ণিত সভার কার্যবিবরণী উপজেলা ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৭। চেয়ারম্যান, ............................... ইউপি (সকল), সাপাহার, নওগাঁ।

২৫/০৩/২১

উপজেলা নির্বাহী অফিসার
সাপাহার, নওগাঁ